হেলিকপ্টারে করে বিমানবন্দরে যাবেন খালেদা জিয়া, মধ্যরাতে ঢাকায় এয়ার অ্যাম্বুলেন্স



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে উন্নত চিকিৎসার জন্য লন্ডনে নিতে সব প্রস্তুতি প্রায় শেষ। কাতার সরকারের পাঠানো এয়ার অ্যাম্বুলেন্সটি বৃহস্পতিবার মধ্যরাত অথবা শুক্রবার ভোরে ঢাকায় নামতে পারে। অবতরণের পর প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা শেষ করেই লন্ডনের উদ্দেশ্যে উড়াল দেবে উড়োজাহাজটি।

বিমানবন্দর সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, কাতার এয়ার অ্যাম্বুলেন্স পাঠাতে সম্মতি দিয়েছে এবং এখন বেবিচক পররাষ্ট্র মন্ত্রণালয়ের আনুষ্ঠানিক চিঠির অপেক্ষায় রয়েছে। সম্ভাব্য অবতরণ সামনে রেখে বিমানবন্দরে আইনশৃঙ্খলা বাহিনীর নিরাপত্তা জোরদার করা হয়েছে। এসএসএফ সদস্যরা এয়ার অ্যাম্বুলেন্সের নিরাপত্তা যাচাই শেষে খালেদা জিয়াকে মেডিকেল হেলিকপ্টারে করে এভারকেয়ার হাসপাতাল থেকে বিমানবন্দরে আনার প্রস্তুতি নিয়েছে।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও ব্যক্তিগত চিকিৎসক ডা. এ জেড এম জাহিদ হোসেন জানিয়েছেন, খালেদা জিয়াকে লন্ডনে নেওয়ার সিদ্ধান্ত চূড়ান্ত হয়েছে।

লন্ডন যাওয়ার এই সফরে খালেদা জিয়ার সঙ্গে থাকবেন চিকিৎসকসহ মোট ১৪ জন, যার মধ্যে রয়েছেন— সৈয়দা শামিলা রহমান, ডা. জাহিদ হোসেনসহ বিএনপি চেয়ারপারসনের মেডিকেল টিমের সদস্যরা এবং দলের কয়েকজন দায়িত্বশীল।